গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন ও উন্নয়ন শাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,
ঢাকা-১০০০.
www.dife.gov.bd

মুজিববর্ষের অঙ্গীকার,
নিরাপদ কর্মপরিবেশ
হোক সবার

**বিষয়: ৩য় স্টাফ সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)।
সভার তারিখ : ২৫ অক্টোবর, ২০২১ খ্রি:
সভার সময় : সকাল ১০.৩০ মিনিট
স্থান : প্রধান কার্যালয় (লিফট-১৩)।
উপস্থিতি : **পরিশিষ্ট-ক।**

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীর আলোচ্য বিষয়সমূহে সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সহকারী মহাপরিদর্শক (সাধারণ), জনাব এ.কে. এম. মানছুরুল হক আলোচ্য বিষয় অনুযায়ী সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর মহাপরিদর্শকের অনুমতিক্রমে সভায় সঞ্চালনা শুরু করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | মুজিব জন্মশত বার্ষিকী পালন | মুজিব জন্মশত বার্ষিকী উপলক্ষে অত্র অধিদপ্তরের আওতাধীন উপমহাপরিদর্শকের কার্যালয় সমূহের প্রাঙ্গন এবং অধিক্ষেত্রাধীন বিভিন্ন কারখানা ও প্রতিষ্ঠান প্রাঙ্গনে বৃক্ষরোপন কর্মসূচী চলমান। এছাড়াও মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে কথাসাহিত্যিক ডা. সেলিনা হোসেনকে নিয়ে একটি সেমিনার আয়োজন করা যেতে পারে। এ বিষয়ে মহাপরিদর্শক বলেন, করোনা মহামারি কালীন বর্ণিত ওয়ার্কশপটি আয়োজনের জন্য প্রশাসন ও উন্নয়ন শাখাকে প্রয়োজনীয় উদ্দ্যোগ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br><br>অধিকন্তু মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা, চট্টগ্রাম, সিরাজগঞ্জ ব্যতীত সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন করা হয়েছে। আয়োজিত ফ্রি মেডিকেল ক্যাম্পে শ্রমিক/কর্মচারীদের প্রাথমিক চিকিৎসা ও বিভিন্ন প্রকারের প্রাথমিক ঔষধপত্র সরবরাহ করেছে। এছাড়াও কার্যালয়গুলোতে অতিদ্রুত ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজনের জন্য মহাপরিদর্শক মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করেন। | ১। মুজিব জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বৃক্ষরোপন কর্মসূচী নিয়মিতভাবে বিভিন্ন কারখানা/অফিস প্রাঙ্গনে অব্যাহত রাখতে হবে। এ সংক্রান্ত তথ্য প্রধান কার্যালয় কর্তৃক সবসময় আপডেট রাখতে হবে।<br><br>২। অতি শীঘ্রই কথাসাহিত্যিক ড: সেলিনা হোসেন-কে নিয়ে একটি সেমিনার/কর্মশালা স্বশরীরে আয়োজন করতে হবে।<br><br>৩। যে সকল উপমহাপরিদর্শকের কার্যালয় এখনো ফ্রি মেডিকেল ক্যাম্প এর আয়োজন করা হয় নাই | ১। ড. সৈয়দ আবুল এহসান<br><br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। মোঃ ইউসুফ আলী<br><br>উপমহাপরিদর্শক<br><br>(প্রশাসন ও উন্নয়ন) |

চলমান পাতা-০২

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | সে সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে অতি শীঘ্রই ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন করতে হবে। | |
| ০২ | অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুমোদন | উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) সভাকে অবহিত করেন পদ স্থায়ীকরণের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অধিদপ্তরকে পত্র প্রেরণ করে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়াও পরিদপ্তর কালীন অস্থায়ী পদে ৮৮ টি পদের সংরক্ষণ প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মতি জ্ঞাপন করা হয়েছে। পদ সংরক্ষণের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক সম্মতি পাওয়া গেলে পদ স্থায়ীকরণের পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। এছাড়াও অধিদপ্তরের ২য় পর্যায়ে ১৭৯১ জনবলের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক যাচাই/বাছাই এবং সভা অনুষ্ঠান শেষে পদ সৃজনের সম্মতি জ্ঞাপন অতি শিঘ্রই পাওয়া যাবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। | ১। পদ সংরক্ষণের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে নিয়মিতভাবে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>২। অধিদপ্তরের ২য় পর্যায়ের জনবল বৃদ্ধির প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সম্মতি জ্ঞাপন করা হলে অর্থ মন্ত্রণালয়ে সৃজনের প্রস্তাব প্রেরণ করা হবে। | ১। ড: সৈয়দ আবুল এহসান যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। মো: ইউসুফ আলী<br><br>উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। এ. কে. এম. মানছুরুল হক,<br><br>সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |
| ০৩ | অধিদপ্তরের শূণ্য পদ পূরণ | সহকারি মহাপরিদর্শক, এ. কে. এম. মানছুরুল হক বলেন, শুন্যপদ নিয়োগের ক্ষেত্রে আউট সোর্সিং বৃদ্ধিতে ৫০ টি জনবল নিয়োগের নিমিত্ত পুন:দরপত্র বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। ইতোমধ্যে চারটি প্রতিষ্ঠান দরপত্র জমা প্রদান করা হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র যাচাই/বাছাই করা হবে।<br><br>এছাড়াও ১ম ও ২য় শ্রেনির কর্মকর্তা নিয়োগের নিমিত্ত একটি তাগিদপত্র পিএসসিকে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক পাঠানো হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন।<br><br>একইসাথে সহকারি মহাপরিদর্শক, এ. কে. এম. মানছুরুল হক বলেন, সরাসরি ছাড়াও শূন্য পদ পূরণে পদোন্নতির প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। এক্ষেত্রে কর্মরত কর্মকর্তাদের খসড়া জ্যেষ্ঠতা তালিকা শুনানি গ্রহণ পূর্বক চুড়ান্ত করা আবশ্যক।<br><br>জবাবে মহাপরিদর্শক বলেন, অস্থায়ী পদে কর্মরতদের জ্যেষ্ঠতা তালিকা চুড়ান্ত করা যায় কিনা? উত্তরে জনাব এ. | ১। আউট সোর্সিং ভিত্তিতে দ্রুত জনবল নিয়োগ করতে হবে।<br><br>২। প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ করে সুপারিশ প্রাপ্ত কর্মকর্তাদের দ্রুত পদায়ন করতে হবে।<br><br>৩। অস্থায়ীকরণ কার্যক্রম সম্পাদন করে শুনানি গ্রহণপূর্বক জ্যেষ্ঠতা তালিকা চূড়ান্ত করা হবে। | ১। ড. সৈয়দ আবুল এহসান<br><br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। মো: ইউসুফ আলী উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। জনাব মোঃ কামরুল হাসান উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>৪। এ. কে. এম. |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | কে. এম. মানছুরুল হক বলেন, জ্যেষ্ঠতা তালিকার সাথে পদোন্নতির বিষয়টি সম্পর্কিত নয়। এছাড়াও নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের স্থায়ীকরণ করা প্রশাসনিক বিষয়। অতএব এক্ষেত্রে প্রশাসনিক দায়িত্বপ্রাপ্তদের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>সবশেষ মহাপরিদর্শক বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের যদি স্থায়ী পদে অস্থায়ীভাবে পদোন্নতি বিধান থেকে থাকে তবে জ্যেষ্ঠতা তালিকা চূড়ান্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | | মানছুরুল হক,<br><br>সহকারি মহাপরিদর্শক (সাধারণ) |
| ০৪ | চাকুরির বিধিমালা সংশোধন | ২য় পর্যায়ের জনবল বৃদ্ধির প্রস্তাবের সঙ্গে নতুন সৃষ্ট পদসমূহ সংযুক্ত করে খসড়া নিয়োগ বিধিমালা প্রেরণ করা হয়েছে। যেহেতু ২য় পর্যায়ে জনবল বৃদ্ধির সঙ্গে নিয়োগ বিধিমালা সংশোধন বিষয়টি জড়িত, সেহেতু জনবল বৃদ্ধির প্রস্তাব অনুমোদিত হলে এ বিষয়ে কাজ করা যেতে পারে। মহাপরিদর্শক বলেন, ২য় পর্যায়ে জনবলের প্রস্তাবের সঙ্গে প্রেরিত খসড়া নিয়োগ বিধিমালার উপর এখন গ্রাউন্ড ওয়ার্ক করে কাজটি এগিয়ে রাখা যেতে পারে। পরবর্তীতে পদ সৃজিত হলে এ বিষয়ে অধিদপ্তরে বিচার/বিবেচনার জন্য একটি সেমিনার/ওয়ার্কশপ করে কাজটি সম্পাদন করা যেতে পারে। | ১। অধিদপ্তরের ২য় পর্যায়ের জনবল সৃজিত হলে নিয়োগ বিধিমালা সংশোধন করা হবে। এ লক্ষ্যে এখন হতেই কাজ-শুরু করতে হবে। | ১। ড. সৈয়দ আবুল এহসান যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। মো: ইউসুফ আলী উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। এ. কে. এম. মানছুরুল হক,<br><br>সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |
| ০৫ | প্রধান কার্যালয়ের মনিটরিং টিমের পরিদর্শন কার্যক্রম | প্রধান কার্যালয়ে গঠিত মনিটরিং টিমসমূহে অনতিবিলম্বে উপমহাপরিদর্শকে কার্যালয় পরিদর্শন কার্যক্রম শুরু করার জন্য মহাপরিদর্শক মহোদয় নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে পরবর্তী স্টাফ মিটিং-এ প্রত্যেক টিমকে অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। প্রধান কার্যালয়ের মনিটরিং টিমসমূহকে দ্রুত উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে পরিদর্শনে যেতে হবে। | ১। পরিবীক্ষণ দলের সদস্যবৃন্দ |
| ০৬ | APA বাস্তবায়ন সংক্রান্ত। | এপিএ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারি মহাপরিদর্শক, জনাব অনিরুদ্ধ মহালদার এপিএ বিষয়ক ত্রৈমাসিক সভা কিছু দিন পূর্বেই অনুষ্ঠিত হয়েছে। বর্ণিত সভায় এপিএ লক্ষমাত্রা অর্জনে অধিদপ্তর যে সকল সূচকে পিছিয়ে আছে। সে সকল সূচক ষান্মাসিক অগ্রগতির সহিত পূরণ করা হবে মর্মে উপমহাপরিদর্শকগণ আশ্বাস প্রদান করেছেন। আশা করা যায় লক্ষমাত্রা অনুযায়ী ষান্মাসিক এপিএ লক্ষমাত্রাসমূহ অর্জিত হবে। | ১। যে সকল এপিএ লক্ষমাত্রা অর্জিত হয়নি। সেগুলো ষান্মাসিক লক্ষমাত্রা সহিত অবশ্যই অর্জন করতে হবে। এ বিষয়ে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে তাগিদপত্র | ১। যুগ্মমহাপরিদর্শক (সকল)<br><br>২। মো: ইউসুফ আলী<br><br>উপমহাপরিদর্শক |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | প্রদান করতে হবে। | (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। মনোয়ার হোসেন, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা |
| ০৭ | প্রশিক্ষণ | অভ্যন্তরীণ প্রশিক্ষণে এপিএ তে যে লক্ষ্যমাত্রা রয়েছে সে অনুযায়ী কর্যক্রম চলমান। আশা করা যায় আগামী ষান্মাষিক লক্ষ্যমাত্রা নিদিষ্ট সময়ের পূর্বেই অর্জিত হবে বলে এ. কে. এম. মানছুরুল হক জানান। এছাড়াও সহযোগী সংস্থার প্রস্তাবিত প্রশিক্ষণসমূহ সমন্বয়পূর্বক অতিদ্রুত আয়োজন করার জন্য মহাপরিদর্শক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ১। নতুন এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল প্রশিক্ষণ সম্পাদন করতে হবে।<br><br>২। বিভিন্ন সহযোগী সংস্থার প্রস্তাবিত প্রশিক্ষণ/কর্মশালা সমন্বয়পূর্বক দ্রুত অনলাইন/স্বশরীরে আয়োজনের ব্যবস্থা করতে হবে। | ১। ড. সৈয়দ আবুল এহসান<br><br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। মো: ইউসুফ আলী<br><br>উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। এ.কে.এম. মানছুরুল হক<br><br>সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |
| ০৮ | হেল্প লাইন-১৬৩৫৭ | হেল্পলাইন প্রাপ্ত অভিযোগসমূহ যেন যথাসময়ে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে প্রেরণ করা হয় এবং অভিযোগ নিষ্পত্তির Synopsis সপ্তাহান্তে মহাপরিদর্শক বরাবর জমা প্রদান করা হয় এ বিষয়ে সচেষ্ট থাকার জন্য যুগ্ম মহাপরিদর্শক(সাধারণ)-কে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও হেল্পলাইনে কর্মকর্তাদেরকে শ্রীঘ্রই একটি SOP বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠনের জন্যও সভায় পুন:নির্দেশনা প্রদান করা হয়। | ১। অভিযোগের Synopsis সপ্তাহান্তে পরবর্তী রবিবার মহাপরিদর্শক বরাবর পেশ করতে হবে।<br><br>২। হেল্পলাইনে কর্মকর্তাদেরকে নিয়ে অতি দ্রুত একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ১। জনাব সাবিহা মুক্তা, উপমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। এ. কে. এম.<br><br>মানছুরুল হক<br><br>সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৯ | ই-নথি এবং লিমা এ্যাপস | ই-নথি ও লিমা এ্যাপস ব্যবহার করা বৃদ্ধি করার জন্য সকলকে মহাপরিদর্শক মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | ১। ই-ফাইলিং এর মাধ্যমে নথি নিষ্পন্নের হার শতভাগ উন্নীত করতে হবে এবং স্ব স্ব শাখায় তথ্য আগামী সভায় সংযুক্তি হিসেবে উপস্থাপন করতে হবে।<br><br>২। লিমা এ্যাপস ব্যবহার করে শতভাগ পরিদর্শন করতে হবে।<br><br>৩। লিমা অ্যাপস এর সকল প্রতিবন্ধকতা দূর করে ডিসেম্বর/২০২১ এর মধ্যে অংশীজনদের নিকট সহজে ব্যবহারযোগ্য করতে হবে। | ১। জনাব ফরিদ আহাম্মদ যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>৩। সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান সহকারী মহাপরিদর্শক (সেফটি) ও সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সধারণ)<br><br>৪। জনাব ওহীদুর রহমান বাজেট অফিসার |
| ১০ | ইনোভেশন | ইনোভেশন কর্মপরিকল্পনায় যে সকর লক্ষ্যমাত্র চলতি অর্থবছরে নিদিষ্ট করা হয়েছে ইনোভেশন কমিটি সেগুলো অর্জনের জন্য বছরের প্রথম কোয়ার্টার হতে সচেষ্ট থাকার জন্য মহাপরিদর্শক মহোদয় নির্দেশনা প্রদান করেন।<br><br>এছাড়াও মহাপরিদ্শক বলেন, অধিদপ্তরের নিজস্ব একটি ইনোভেশন যেন থাকে সে লক্ষ্যে অদ্য হতে অধিদপ্তরের ইনোভেশন টিম কর্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এ নির্ধারিত সকল লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত বছরের প্রারম্ভেই প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং পরবর্তী প্রতিটি সভায় অগ্রগতি পেশ করতে হবে। | ১। মো: ইউসুফ আলী উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান সহকারী মহাপরিদর্শক (সেফটি) ও<br><br>৩। সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সধারণ) |
| ১১ | SDG | SDG লক্ষমাত্রা অনুযায়ী অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত | ১। SDG লক্ষ্যমাত্রা | ১। শেখ |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | কর্মকর্তারা কার্যাবলি গ্রহণ করছেন কিনা তা মহাপরিদর্শক জানতে চান। SDG বিষয়ে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সহকারি মহাপরিদশক (সেফটি) জনাব শেখ আসাদুজ্জামান জানান, প্রত্যেক জেলায় উদ্বুতকরণ সভা চলমান এবং SDG বিষয়ক সেবাবক্স ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়াও SDG বিষয়ে একটি কর্মপরিকল্পনা ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে এবং মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী SDG কমিটি কার্যক্রম করে যাচ্ছে। | অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।<br><br>২। SDG বিষয়ে প্রনীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী প্রতিটি সভায় উপস্থাপন করতে হবে। | আসাদুজ্জামান, সহকারী মহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মনোয়ার হোসেন পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা |
| ১২ | শিশুশ্রম নিরসন | SDG লক্ষ্যমাত্র অনুযায়ী ২০২৫ সালের মধ্যে কর্মক্ষেত্রে শিশুশ্রম সম্পূর্ণভাবে নিরসন করতে হবে। অধিকন্তু শিশুশ্রম নিরসন একটি প্রকল্প প্রণয়ন করে সেখানে পুনর্বাসনের পরিকল্পনা থাকতে হবে। মহাপরিদর্শক বলেন, দ্রুত শিশুশ্রম নিরসনে প্রকল্পটি দ্রুত অনুমোদনের প্রকল্প সেলকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) বলেন, শিশুশ্রম নিরসনে ইতোমধ্যে বিভিন্ন জায়গায় উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। এছাড়াও শিশুশ্রম নিরসন বিষয়ে পুরান ঢাকায় এবং মিরপুর-এ এ বিষয়ে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা হয়েছে। | ১। পরিদর্শন কার্যক্রমে শিশুশ্রম নিরসনকে অগ্রাধিকার প্রদান করতে হবে।<br><br>২। শিশুশ্রমিকদের পুনর্বাসনের জন্য জমাকৃত প্রকল্পটি দ্রুত অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৩। জেলা কার্যালয় হতে তথ্য আনতে হবে। | ১।ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>২। মোঃ মেহেদী হাসান উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) |
| ১৩ | RCC সংক্রান্ত কার্যক্রম | যুগ্মমহাপরিদর্শক (সেফটি) জানান, National Initiative এর আওতায় ৬৯৮টি কারখানাসহ মোট ১৮০০টি কারখানা ফলোআপ করা হয়েছে। এখন পর্যন্ত NI ভুক্ত কারখানার অগ্রগতি ৫০%। Round-4 ও Round-5 কাঠামোর পক্ষে Escalation Protocal ইতোমধ্যে অনুমোদিত হয়েছে।<br><br>মহাপরিদর্শক বলেন, প্রকৌশলীগণ পরিদর্শনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন করে পরিদর্শন কার্যক্রম পরিচালনা করবেন। এক্ষেত্রে সমন্বয়হীনতা দূর করতে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও RCC এর প্রকল্প পরিচালক সভায় উপস্থিত থেকে তার প্রকল্পের অগ্রগতি সভাকে অবহিত করেন। তিনি বলেন ২৫ জন ইঞ্জিনিয়ার-কে ক্যাপাসিটি বৃদ্ধির জন্য প্রয়োজনে ভার্চুয়াল প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও ব্যুরো বেরিটাসে নিয়োগপ্রাপ্ত প্রকৌশলীগণকে প্রয়োজনে ভার্চুয়াল প্রশিক্ষণ দিয়ে এ বিষয়ে সক্ষম করে তুলতে হবে। | ১। RCC এর আওতায় কর্মরত প্রকৌশলীগণ এবং কাজ তদারকি অব্যাহত রাখতে হবে।<br><br>২। প্রকৌশলীগণ সংশ্লিষ্ট কার্যালয়ের উপমহাপরিদর্শকগণের সাথে যোগাযোগ রক্ষা করবেন এবং পরিদর্শনের পূর্বে অবগত করবেন।<br><br>৩। অবিলম্বে ২৫ জন প্রকৌশলীর প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।<br><br>৪। ব্যুরো বেরিটাসের সহযোগিতা গ্রহণের জন্য চিঠি লিখতে হবে। | ১। প্রকল্প পরিচালক,<br><br>RCC<br><br>২। ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক<br><br>(সেফটি)<br><br>৩। মো: কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৪ | কমপ্লায়েন্স ও সেফটি কমিটি | যুগ্ম মহাপরিদর্শক (সেফটি) বলেন, ২০২১-২২ অর্থ বছরের APA তে কমপ্লায়েন্স এবং সেফটি কমিটির যে সকল লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। আশা করা যায় উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অনুযায়ী সঠিক সময়ের মধ্যে অর্জন করবেন। এছাড়াও এ বিষয়ে আওতাধীন কার্যালয় সমূহকে একটি তাগিদপত্র প্রেরণ করা যায়। এছাড়াও পূর্বের সভার সিদ্ধান্ত অনুযায়ী সেক্টর ভিত্তিক কমপ্লায়েন্স নির্দিষ্ট করণের নিমিত্ত পরবর্তী কর্যক্রম শীঘ্রই শুরু করা হবে বলে যুগ্ম মহাপরিদর্শক (সেফটি) মহাপরিদর্শক মহোদয়কে আশ্বাস করেন। | ১। ২০২০-২১ অর্থবছরের APA লক্ষ্যমাত্রার ১০০% কমপ্লায়েন্স নিশ্চিত করতে হবে।<br><br>২। সেক্টরভিত্তিক কমপ্লায়েন্স মানদন্ড নির্দিষ্ট করার জন্য গঠিত কমিটি পরবর্তী সভায় তাদের খসড়া PPT এর মাধ্যমে সভায় উপস্থাপন করবেন। | ১। ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>৩। এ. কে. এম মানছুরুল হক,<br><br>সহকারী মহাপরিদর্শক (সাধারণ) |
| ১৫ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বলতে কোন দপ্তরের অভ্যন্তরীণ কার্যক্রম সম্পর্কে আনীত অভিযোগ/আপত্তি-কে বুঝায়। এ ধরণের অভিযোগ হতে পারে নাগরিক অভিযোগ, অভ্যন্তরীণ অভিযোগ ও দাপ্তরিক অভিযোগ।<br><br>মহাপরিদর্শক বলেন, উল্লেখিত ধরণের অভিযোগ পাওয়া গেলে তা যত দ্রুত সম্ভব দপ্তরের দায়িত্বপ্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা সমাধানের ব্যবস্থা করবেন। এ ধরণের অভিযোগের একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। | ১। অভ্যন্তরীণ সকল অভিযোগ দ্রুততম সময়ে শতভাগ নিষ্পত্তি করতে হবে।<br><br>২। এ ধরণের অভিযোগের একটি রেজিস্টার সংরক্ষণ করবেন যেটি সবসময় হালনাগাদ থাকবে। | ১। জনাব সাবিহা মুক্তা, উপমহাপরিদর্শক (সাধারণ) |
| ১৬ | নারীর প্রতি সহিংসতা | যুগ্ম মহাপরিদর্শক (সাধারণ) জানান যে, কর্মক্ষেত্রে নারীর জন্য শোভন পরিবেশ নিশ্চিতে কমিটি কার্যক্রম পালন করছে। তিনি আরও বলেন, নারীর প্রতি সহিংসতার কোন অভিযোগ পাওয়া গেলে তা দ্রুত নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা করা হয়। গত মাসে এ ধরনের কোন অভিযোগ পাওয়া যায়নি।<br><br>মহাপরিদর্শক বলেন, নারীর প্রতি সহিংসতা বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে অনতি বিলম্বে নিষ্পত্তি করতে হবে। | ১। এ বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে কমিটি তা দ্রুত নিষ্পত্তির যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতি সভায় তা অবহিত করবেন।<br><br>২। প্রতিমাসে এ কমিটির সভা করতে হবে। | ১। জনাব সাবিহা মুক্তা, উপমহাপরিদর্শক (সাধারণ), প্রধান কার্যালয় |
| ১৭ | লাইসেন্স ও অনলাইন লাইসেন্সিং | সহকারী মহাপরিদর্শক (সেফটি) জনাব সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান সভাকে জানান, লিমা অ্যাপস ব্যবহার করে অনলাইন লাইসেন্স ফি জমাদানের ক্ষেত্রে যেসব প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয় তার মধ্যে উল্লেখযোগ্য হলো রিপোর্টিং এর ক্ষেত্রে সচিবালয়ের নির্দেশমালা অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে নোটিশ তৈরি, অনলাইন লাইসেন্সিং ফি জমাদান ও লে-আউট প্ল্যান অনুমোদন ইত্যাদি।<br><br>মহাপরিদর্শক বলেন, লিমা অ্যাপস ব্যবহার করে অনলাইন | ১। প্রধান কার্যালয়ের আইসিটি সেল কর্তৃক লিমা অ্যাপস ব্যবহার করে অনলাইন লাইসেন্স ফি জমাদানের ক্ষেত্রে যেসব প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয় তা দ্রুত সমাধান করতে হবে।<br><br>২। সকল জেলা | ১। আইসিটি সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ<br><br>২। মোঃ সামছুল আলম খান<br><br>যুগ্মমহাপরিদর্শক |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | লাইসেন্স ফি জমাদানের ক্ষেত্রে যেসব প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয় (রিপোর্টিং, স্বয়ংক্রিয়ভাবে নোটিশ তৈরি, অনলাইন লাইসেন্স ফি জমাদান ও লে-আউট প্ল্যান অনুমোদন) দ্রুত সমাধানের ব্যবস্থা করতে হবে।<br><br>উপমহাপরিদর্শক (সেফটি) বলেন, লাইসেন্স অনলাইনে করার ক্ষেত্রে বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ দূরীকরণে JIZ কর্তৃক কারিগরি ও আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে ইতোমধ্যে অর্ধেক সম্পাদন করা হয়েছে আশা করা যায় ডিসেম্বর/২১ নাগাদ সকল সমস্যা সমাধানে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে। মহাপরিদর্শক বলেন, ডিসেম্বর/২০২১ এর মধ্যে যেকোনভাবেই হোক না কেন লাইসেন্সসমূহ অনলাইনের মাধ্যমে হতে হবে। সে লক্ষ্যে সকল প্রতিবন্ধকতা তার পূর্বেই নিরসন করবেন।<br><br>এছাড়াও ই-নথির সাথে লিমার কার্যক্রম ইন্টিগ্রেট করার জন্য এ-টু-আই এর সাথে যোগাযোগ করা হচ্ছে বলে মহাপরিদর্শক সভাকে অবহিত করেন। | কার্যালয়গুলোকে লিমা অ্যাপস ব্যবহার করে অনলাইন লাইসেন্সিং এবং লে-আউট প্ল্যান অনুমোদন করতে হবে। অতঃপর বিষয়টি এ দপ্তরকে অবহিত করতে হবে।<br><br>৩। ডিসেম্বর/২০২১ এর মধ্যে সকল লাইসেন্স অনলাইনের মাধ্যমে প্রদান করতে হবে। এটি যেকোনভাবেই হোক না কেন বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে LIMA Support Team সার্বক্ষনিকভাবে JIZ এর সাথে যোগাযোগ রাখবেন।<br><br>৪। সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নিদিষ্ট ফরম্যাটে লিমাতে চিঠি তৈরী হতে হবে এবং সিস্টেমটিকে এটুআইএর সাথে সংযুক্ত করতে হবে। | (সাধারণ)<br><br>৩। মোঃ কামরুল হাসান উপমহাপরিদর্শক (সেফটি) |
| ১৮ | মামলা সংক্রান্ত তথ্য | মহাপরিদর্শক অত্র দপ্তরের কয়টি নিষ্পন্ন মামলা রয়েছে জানতে চান। এছাড়াও সভায় ০৩ (তিন) জনের বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার ক্ষেত্রে বিলম্ব হওয়ার কারণ কি তা আইন কর্মকর্তাকে জিজ্ঞাসা করা হয়। এছাড়াও বিভাগীয় মামলাসমূহ দ্রত নিষ্পত্তির জন্র মহাপরিদর্শক মহোদয় নির্দেশনা প্রদান করেন।<br><br>চলমান মামলাসমূহের হালনাগাদ করা এবং প্যানেল আইনজীবীর নিকট থেকে আদালত হতে সর্বশেষ তথ্য প্রাপ্তির পর তথ্য হালনাগাদ করার জন্য মহাপরিদর্শক মহোদয় আইন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।<br><br>(ক) বিভাগীয় মামলার তথ্যঃ পরিশিষ্ট- (১)<br><br>(খ) রিট মামলার তথ্যঃ পরিশষ্ট- (২)<br><br>কোন মামলায় কোড কন্ডেম যেন না হয় সেজন্র আইন কর্মকর্তাকে দ্রুত মামলাসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিদর্শক মহোদয় নির্দেশনা দেন। | ১। ০৩টি বিভাগীয় মামলা আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে সকল বিধি-বিধান মোতাবেক নথিতে উপস্থাপন করবেন।<br><br>২। সকল ধরণের মামলা বিধিমতে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | ১। ডা. সৈয়দ আবুল এহসান, যুগ্ম মহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। জনাব ইউসুফ আলী, উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>৩। মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০ | অডিট আপত্তি সংক্রান্ত | শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব মো: ওহীদুর রহমান সভাকে জানান, হালনাগাদকৃত তথ্য অনুযায়ী মোট অডিট আপত্তির সংখ্যা -২২ টি। ১১ টির ব্রডশিট জবাব প্রেরণ করা হয়েছে । অবশিষ্ট ১১ টি আপত্তির ব্রডশিটের জবাব প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>মহাপরিদর্শক বলেন, অফিসে স্বশরীরে গিয়ে আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। অডিট আপত্তিসমূহ নিষ্পন্নপূর্বক ভবিষ্যতে যেন এ সংক্রান্ত আপত্তি পুনরায় না হয় সেজন্য হিসাব শাখাকে সচেষ্ট থাকার জন্য মহাপরিদর্শক মহোদয় নির্দেশনা দেন। | ১। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>২। অডিট অফিসে স্বশরীরে গিয়ে তথ্য উপাত্ত সংগ্রহ করে পরবর্তী সভায় জানাতে হবে।<br><br>৩। ভবিষ্যতে কোন অডিট আপত্তি না হয় এ বিষয়ে হিসাব উপশাখা বিধি-বিধার মোতাবেক কার্যক্রম সম্পন্ন করবেন। | ১। সৈয়দ আবুল এহসান<br><br>যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন )<br><br>২। মোঃ ইউসুফ আলী উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়)<br><br>৩। মোঃ ওহীদুর রহমান, হিসাব উপশাখা |
| ২১ | দুর্ঘটনা | যুগ্মমহাপরিদর্শক (সেফটি) জনাব মো: ফরিদ আহমদ জানান যে, ২০২০-২১ অর্থবছরে সারাদেশে মোট দুর্ঘটনার ৫৪ টি। তন্মধ্যে ৫৪ জন নিহত ও ৩৩ জন আহত এবং ক্ষতিপূরণের পরিমাণ ৩৩.৬০ লক্ষ টাকা। এছাড়াও, দুর্ঘটনার রিপোর্টিং টি লিমা অ্যাপস-এ সংযুক্ত করা হবে বলে জানান। অত:পর দূর্ঘটনার ক্ষতিপূরণ নিশ্চিত করার জন্য জেলা কার্যালয়সমূহকে পত্র প্রেরণ এবং নিয়মিতভাবে তদারকি করার জন্য মহাপরিদর্শক মহোদয় অনুরোধ করেন। | ১। দুর্ঘটনা প্রতিবেদন স্বল্পতম সময়ের মধ্যে দাখিল ও ক্ষতিপূরণসহ যাবতীয় কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে। | ১। ফরিদ আহাম্মদ যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ কামরুল হাসান উপমহাপরিদর্শক (সেফটি) |
| ২২ | শুদ্ধাচার | উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ ১ম কোয়ার্টারের সকল লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে।<br><br>মহাপরিদর্শক বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ ইতোমধ্যে চূড়ান্ত করে দাখিল করা হয়েছে। অতএব শুদ্ধাচার কৌশল ২০২১-২২ এ যে সকল লক্ষ্যমাত্রা রয়েছে, সেগুলো বছরের প্রারম্ভেই অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য শুদ্ধাচার ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। শুদ্ধাচারের ১ম কোয়াটারের সকল লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে বলে উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) সভাকে অবহিত করেন। | ১। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর সকল লক্ষ্যমাত্রা নির্দিষ্ট সময়ে অর্জন করতে হবে । | ১। মোঃ মেহেদী হাসান, উপমহাপরিদর্শক (স্বাস্থ্য) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br><br>২। জনাব অনিরুদ্ধ মহালদার, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ২৩ | ওয়েবসাইট হালনাগাদকরণ | মহাপরিদর্শক বলেন, আইসিটি সেলের দায়িত্বরত কর্মকর্তাগণ নিয়মিত ওয়েবসাইট হালনাগাদ করেন না। তিনি বলেন, গুরুত্বপূর্ণ অফিস আদেশসমূহ এবং এটুআই এর নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইট সমূহ নিয়মিত ভিত্তিতে নির্দেশনা অনুযায়ী হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। | ১। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | ১। জনাব সিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান, সহকারি |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | মহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ)<br><br>৩। প্রতিষ্ঠা বড়ুয়া, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) |
| ২৪ | চলমান প্রকল্পসমূহ | ১। প্রকল্প পরিচালক বলেন, উক্ত প্রকল্পের আওতায় সমগ্র বাংলাদেশে RMG ও কেমিক্যাল ১১০১ টি কারখানার অ্যাসেসমেন্ট সম্পন্ন করার কথা। Covid-19 মহামারী ও নানাবিধ করণে কমবেশি ৪০০ টি কারখানা বন্ধ/ইতোমধ্যে Private Initiative কর্তৃক অ্যাসেসমেন্ট সম্পন্ন হয়েছে। অর্থৎ প্রকল্পটির আওতায় বাস্তবতা অনুযায়ী কমবেশি ৭০০টি কারখানার অ্যাসেসমেন্ট সম্পন্ন হবে। ইতোমধ্যে ৫৮০ টি কারখানার অ্যাসেসমেন্ট সম্পন্ন হয়েছে। বাকি কারখানা অ্যাসেসমেন্ট জানুয়ারি/২০২২ এ সম্পন্ন হবে বলে আশা করা যায়।<br><br>২। উক্ত প্রকল্পটি ডিপিপি অনুযায়ী ব্যায় ৪৭.১২ কোটি টাকা ও মেয়াদ জুলাই ২ জন জুন-২০২২। বাস্তবতা অনুযায়ী প্রকল্পটি এরই মধ্যে ২৭ কোটি টাকা ব্যায় হবে। ইতোমধ্যে সর্বমোট ২০.৯০ কোটি টাকা ব্যায় হয়েছে এবং ২০.২৩ কোটি টাকা। ইতোমেধ্য ৪৫টি কারখানার বিল প্রদান অর্থ ছাড় না হবার কারণে সম্ভব হচ্ছে না।<br><br>৩। প্রকল্প কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নের লক্ষ্যে ৩য় কিস্তির অর্থ আগাম ছাড় করণ অতি প্রয়োজন। এ বিষয়ে পিআইসি ও পি,এস,সি সভায় সিদ্ধান্ত হয়েছে। এছাড়াও অন্য প্রকল্পসমূহের অগ্রগতি সন্তোষজনক বলে প্রকল্পের সদস্য সচিব সভাকে অবহিত করেন। | ১। প্রকল্প কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্নের লক্ষ্যে ৩য় কিস্তির অর্থ আগাম ছাড়করণ অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ে দ্রুত পত্র প্রেরণ করতে হবে। | ১। প্রকল্প পরিচালকবৃন্দ<br><br>২। পরিকল্পনা ও উন্নয়ন সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| ২৫ | প্রস্তাবিত নতুন প্রকল্প | পরিকল্পনা সেলের সদস্য সচিব বলেন, ইতোমধ্যে নতুন ০৬ (ছয়) টি প্রকল্পের প্রস্তাব অত্র বছরে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত নতুন প্রকল্পসমূহঃ-<br><br>১। বাংলাদেশ লেবার ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম | ১। নতুন প্রকল্পসমূহ অনুমোদনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং অগ্রগতি কোন পর্যায়ে তা প্রতি সভায় অবহিত | ১। মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মুনছুর |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | (LIMS) প্রকল্প।<br><br>মন্ত্রণালয় থেকে উক্ত প্রকল্পের একটি খসড়া ডিপিপি পাওয়া গিয়েছে। ডিপিপিটি সংশোধনের কাজ চলমান আছে। প্রকল্পটির সমীক্ষা যাচাইয়ের (Feasibility Study) কার্যক্রম পরিচালনার জন্য একজন কনসালটেন্ট নিয়োগের জন্য মন্ত্রণালয় থেকে প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। প্রকল্পটির সমীক্ষা যাচাইয়ের কার্যক্রম পরিচালনার জন্য একজন কনসালটেন্ট নিয়োগের জন্য প্রক্রিয়া শুরু হয়েছে। প্রকল্পটির খসড়া ডিপিপি ডিসেম্বর ২০২১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>২। প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার (Corrective Action Plan) CAP বাস্তবায়ন।<br><br>প্রকল্পটির খসড়া ডিপিপি প্রণয়নের কাজ শেষ হয়েছে। মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প প্রস্তুতের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। প্রকল্পের খসড়া ডিপিপি'তে অত্র দপ্তরের মতামত নিয়ে চূড়ান্ত ডিপিপি ডিসেম্বর ২০২১ মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা যাবে। সম্প্রতি ভয়াবহ দূর্ঘটনার প্রেক্ষিতে প্লাস্টিক ও কেমিক্যাল কারখানাসহ অন্যান্য সেক্টরের ঝুঁকিপূর্ণ কারখানা অন্তর্ভূক্ত করায় প্রকল্পটির নাম, মেয়াদকাল ও প্রাক্কলিত ব্যয় পরিবর্তন হবে। এছাড়াও প্রকল্পটির নতুন কিছু অঙ্গ যুক্ত হওয়ায় খসড়া ডিপিপি সংশোধন করা হচ্ছে। প্রস্তাবিত প্রকল্পটির নাম হবে: "দুর্ঘটনা হ্রাসকরণে নির্বাচিত কারখানার ঝুঁকি নিরুপন ও সংস্কার বাস্তবায়ন"<br><br>৩। কর্মক্ষেত্রে জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়ন শীর্ষক প্রকল্প (২য় পর্যায়)<br><br>প্রকল্পটি একটি মধ্য অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প। প্রকল্পটির খসড়া ডিপিপি প্রণয়নের কাজ শুরু করা হয়েছে। অতি দ্রুত তথ্য উপাত্ত সংগ্রহ করে ডিপিপি প্রণয়নের কাজ শুরু হবে। জানুয়ারি ২০২১ মাসের মধ্যে প্রকল্পটির খসড়া ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>৪। পেশাগত ব্যাধি প্রতিরোধ কর্মসূচি, চিকিৎসা ও ক্ষতিপূরণ বা পুনর্বাসন<br><br>প্রকল্পটি একটি মধ্য অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প। প্রকল্পটির খসড়া ডিপিপি প্রণয়নের কাজ এখনও শুরু হয়নি। অতি দ্রুত তথ্য উপাত্ত সংগ্রহ করে ডিপিপি প্রণয়নের কাজ শুরু হবে। | করবেন।<br><br>২। অধিদপ্তরের জন্য আগারগাঁও এলাকা এক বিঘা জমি বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে চিঠি প্রেরণ করতে হবে। | বিল্লাল, সদস্য সচিব, পরিকল্পনা ও উন্নয়ন সেল |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | জানুয়ারি ২০২১ মাসের মধ্যে প্রকল্পটির খসড়া ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | | |
| ২৬ | ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটির সভা। | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন আধিদপ্তর এবং শ্রম অধিদপ্তর এর কর্মকর্তাদের সমন্বয়ে ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটি গঠন করা হয়েছে, যারা প্রতি সপ্তাহান্তে একটি প্রতিবেদন দাখিল করে থাকেন এবং প্রধান কার্যালয়ের সাধারণ শাখা উক্ত প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রণালয়ে প্রেরণ করে থাকেন। গঠিত কমিটি বর্ণিত বিষয়ে সবসময় সভা করে সম্ভাব্য সকল ক্রাইসিস প্রতিরোধে ভূমিকা পালন করার জন্য অনুরোধ করা হয়। | ১। শ্রম অসন্তোষ সৃষ্টি হলে দ্রুততম সময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করে মহাপরিদর্শককে অবহিত করবেন। | ১। মোঃ সামছুল আলম খান যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। সাবিহা মুক্তা উপমহাপরিদর্শক (সাধারণ) |
| ২৭ | বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ প্রকাশ। | প্রতি বছর জুলাই ও আগস্ট মাসে পূর্বের অর্থবছরের কার্যক্রম সংবলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার জন্য প্রত্যেক শাখা এবং আওতাধীন অন্যান্য অধিশাখা, প্রকল্প ও সেলের কার্যক্রম সংগ্রহ করে তা প্রকাশ করার জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন।<br><br>PRO জনাব ফোরকান আহসান বলেন বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে এবং বিভিন্ন অংশীজনদের নিকট পৌছানো হয়েছে। | ১। কমিটি বার্ষিক প্রতিবেদন ২০২০-২১ প্রকাশের নিমিত্ত সকল তথ্য বিভিন্ন শাখা, অধিশাখা ও প্রকল্প হতে সংগ্রহ করে প্রকাশের পর সকলের নিকট পৌছাতে হবে। | ১. যুগ্মমহাপরিদর্শকগণ (সকল)<br>২. প্রকল্প পরিচালক (সকল)<br>৩. ফোরকান আহসান, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা<br>৪. মনোয়ার হোসেন, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা |
| ২৮ | Task Force সভা অনুষ্ঠান | সভায় Task Force এর সভা নিয়মিতভাবে আয়োজন করার জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হয়। প্রতি সপ্তাহের ১ম, ২য় ও ৩য় দিন Task Force সভা করে এ সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য মহাপরিদর্শক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ১। নিয়মিতভাবে Task Force এর সভা আয়োজন করতে হবে। | ১। ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) |
| ২৯ | সেফটি/ OSH কাউন্সিলের সভা অনুষ্ঠান | সভায় সেফটি/ OSH কাউন্সিলের সভা নিয়মিতভাবে আয়োজন করার জন্য সংশ্লিষ্টদেরকে মহাপরিদর্শক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | ১। সেফটি/OSH কাউন্সিলের সভা আয়োজন করতে হবে। | ১। ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ কামরুল |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) |
| ৩০ | NTC এর সভা অনুষ্ঠান | সভায় NTC এর সভা নিয়মিতভাবে আয়োজন করার জন্য সংশ্লিষ্টদেরকে মহাপরিদর্শক কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। | ১। NTC এর সভা আয়োজন করতে হবে। | ১। ফরিদ আহাম্মদ, যুগ্মমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) |
| ৩১ | ILO Road Map + Euro pean Unio n NAP বাস্তবায়ন। | ILO RoadMap এবং European Union এর National Action Plan এ প্রদত্ত লক্ষ্যসমূহ অনুযায়ী নিয়মিতভাবে কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়াও মহাপরিদর্শক বলেন, বর্ণিত RoadMap ও NAP-তে দায়িত্বপ্রাপ্ত সকলেই নির্দিষ্ট সময়ের পূর্বেই লক্ষ্য অর্জনে সচেষ্ট হয়ে কাজ করবেন। | ১। ILO RoadMap এবং European Union- NAP অনুযায়ী লক্ষ্যমাত্রাসমূহ নির্দিষ্ট সময়ের পূর্বেই অর্জন করতে হবে। | ১। ডা. সৈয়দ আবুল এহসান, যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। জনাব মোঃ ইউসুফ আলী, উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৩২ | তৃতীয় শ্রেণীর গ্রেডেশন ও পদোন্নতি | প্রশাসন ও উন্নয়ন শাখায় কর্মরত অফিস সহকারি কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক প্রমথ চন্দ্র বর্মণ বলেন, অত্র অধিদপ্তরে কর্মরত অফিস সহকারি কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিকগণের নিয়মানুযায়ী উচ্চমান সহকারি পদে পদোন্নতির ফিডার পোস্ট পুরণ হয়েছে। তাই মহাপরিদর্শক মহোদয়ের নিকট পদোন্নতির প্রস্তাবটি জরালোভাবে তুলে ধরেন। জবাবে মহাপরিদর্শক মহোদয় বলেন, নিয়মানুযায়ী উক্ত অফিস সহকারি কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদধারীদের পদ কি স্থায়ী আছে। তিনি আরো বলেন, নিয়মানুযায়ী যেভাবে পদোন্নতি দেওয়া যায় সে অনুযায়ী এক মাসের মধ্যে একটি কমিটি গঠন করে পরবর্তী কার্যক্রম শুরু করবেন। | ১। একমাসের মধ্যে কমিটি গঠন করে একটি সভা ডেকে গ্রেডেশন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | ১। জনাব মোঃ মোর্তজা মোর্শেদ, উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)<br><br>২। জনাব এ. কে. এম. মানছুরুল হক, সহকারি মহাপরিদর্শক (সাধারণ) |
| ৩৩ | বিবিধ | ইতোমধ্যে ২৩ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে কর্মরতদের যোগদানকালসহ তালিকা আপডেট করা হয়েছে।<br><br>এছাড়াও, সহকারী মহাপরিদর্শক জনাব এ. কে. এম. মানছুরুল হক বলেন, উদ্ভাবন কর্মপরিকল্পনায় ট্রেনিং ম্যানেজম্যান্ট সিস্টেম তৈরী করার একটি পরিকল্পনা গ্রহণ | ১। আন্তর্জাতিক শ্রম সংস্থার সাথে দ্রুত যোগাযোগ করে প্রশিক্ষণের একটি সিস্টেম অতিদ্রুত তৈরী করতে হবে। | ১। জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি)<br><br>২। জনাব শিকদার |

চলমান পাতা- ১৪

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | করা হয়েছে। বর্ণিত সিস্টেমে অধিদপ্তরে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ ইতোমধ্যে কোন ধরণের প্রশিক্ষণ গ্রহণ করেছেন, কোন প্রশিক্ষণ দরকার, পুনরাবৃত্তিমূলক প্রশিক্ষণ যেন না হয় সেই মূল্যায়ণ করে প্রশিক্ষণ সিস্টেম তৈরী করা হবে। বর্ণিত সিস্টেমটিতে উদ্ভাবক হিসেবে জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি), জনাব শিকদার মোহাম্মদ তৌহিদুল হাসান, সহকারি মহাপরিদর্শক (সেফটি), ও জনাব এ. কে. এম. মানছুরুল হক, সহকারি মহাপরিদর্শক (সাধারণ)-এর নাম দেওয়া আছে। জবাবে জনাব মোঃ কামরুল হাসান, উপমহাপরিদর্শক (সেফটি) বলেন, আন্তর্জাতিক শ্রম সংস্থা অধিদপ্তরের একটি ট্রেনিং সেস্টেম তৈরী করে দেওয়ার জন্য একজন কারিগরি জ্ঞান আছে এমন ব্যাক্তিকে নিয়োগ দেওয়ার চিন্তা আছে। অতএব আন্তর্জাতিক শ্রম সংস্থারন অর্থায়ন পেলে প্রশিক্ষণ সিস্টেমটি আরো যুগোপযোগী হবে। | | মোহাম্মদ তৌহিদুল হাসান, সহকারি মহাপরিদর্শক (সেফটি)<br><br>৩। জনাব এ. কে. এম. মানছুরুল হক, সহকারি মহাপরিদর্শক (সাধারণ) |

২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৮৩৯১৩৪৮
chiefdife@gmail.com


স্মারক নং- ৪০.০১.১০১.০০০০০.০৬.০১৫.১৭ - ৬৬৭ তারিখ: ৮/১২/২০২১ খ্রি:।

**অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৩। সচিবের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। স্টাফ অফিসার টু মহাপরিদর্শক, মহাপরিদর্শকের দপ্তর, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের অবগতির জন্য)।

৪। যুগ্ম মহাপরিদর্শক (সকল), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৫। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৬। অফিস কপি।

5/ 12/ 2022

(মোঃ মোর্তজা মোর্শেদ)
উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন)
ফোন-০২-৮৩৯১৫৯৭
dig.admin@dife.org.bd